# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ দাঁত (ও অন্যান্য) পরিষ্কার করার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বগল

বগলের পরিচ্ছন্নতার ব্যাপারেও ইসলাম মানুষকে উদ্বুদ্ধ করেছে। অতএব বগলের গন্ধে যাতে অন্য কেউ কষ্ট না পায়, তার খেয়াল রাখা উচিত প্রত্যেক মুসলিমের। যেমন বগলের লোম তুলে বা ছিঁড়ে ফেলা প্রকৃতিগত একটি সুন্নাত। এই সুন্নাত পালন করেও পরিচ্ছন্নতা অবলম্বন করা সকলের কর্তব্য।

প্রকাশ থাকে যে, সুন্নাত হল বগলের লোম তুলে বা ছিঁড়ে ফেলা। অবশ্য তা কষ্টকর হলে কেটে, চেঁছে বা কেমিক্যাল ব্যবহার করে পরিষ্কার করে ফেলা বৈধ।[1]

## ফুটনোট

[1]. কাশশাফুল ক্বিনা’ ১/৯৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=7861

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন